বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/২১৬

তারিখ: ০১ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ / ১৬ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: বিএসইসি ও ইউনিভার্সিটি অব মিশিগানের উইলিয়াম ডেভিডসন ইনস্টিটিউটের যৌথ উদ্যোগে 'ইনভেস্টমেন্ট রেডিনেস' কর্মশালা।

অদ্য ১৬ নভেম্বর ২০২৬ রোজ সোমবার তারিখে রাজধানীর আগারগাঁওয়ে বিএসইসির মাল্টিপারপাস হলে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ও যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব মিশিগানের উইলিয়াম ডেভিডসন ইনস্টিটিউটের (ডব্লিউডিআই) যৌথ উদ্যোগে দেশের মাঝারি পর্যায়ের ব্যবসাপ্রতিষ্ঠানগুলোর (Midcap Enterprises) বিনিয়োগ প্রস্তুতি, প্রাতিষ্ঠানিক অর্থায়ন প্রাপ্তি ও পুঁজিবাজার থেকে মূলধন সংগ্রহের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনব্যাপী 'Investment Readiness Workshop for Midcap Enterprises in Bangladesh' শীর্ষক কর্মশালা উদ্বোধন করেন বিএসইসির চেয়ারম্যান মাসুদ খান। কর্মশালায় বিএসইসির বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ এবং দেশের বিভিন্ন খাতের ২৪টি এসএমই ও ভেঞ্চার ক্যাপিটাল কোম্পানির ৩০ জন প্রতিনিধিসহ মোট ৪০ জন অংশগ্রহণ করছেন।

উদ্বোধনী বক্তব্যে বিএসইসি চেয়ারম্যান বলেন, বাংলাদেশের এসএমই খাতের বিকাশের ক্ষেত্রে প্রধান দুটি প্রতিবন্ধকতা হলো প্রয়োজনীয় মূলধনের অভাব এবং আর্থিক ব্যবস্থাপনা ও পরিকল্পনায় দুর্বলতা। ব্যাংকিং খাতে ঋণ প্রদানের ক্ষেত্রে এখনো ব্যবসার সম্ভাবনা ও কার্যক্রমের চেয়ে জামানতের ওপর বেশি গুরুত্ব দেওয়া হয়। ফলে অনেক সম্ভাবনাময় ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা প্রয়োজনীয় অর্থায়ন থেকে বঞ্চিত হন। অনেক উদ্যোক্তা ব্যবসার আয়-ব্যয়ের হিসাব রাখলেও প্রকৃত মুনাফা, লোকসান এবং ব্যবসার আর্থিক অবস্থান সম্পর্কে যথাযথ ধারণা রাখেন না। একটি প্রতিষ্ঠানের প্রকৃত আর্থিক সক্ষমতা, ভবিষ্যৎ ঝুঁকি এবং ব্যবসার স্থায়িত্ব মূল্যায়নের জন্য এসব বিষয়ে উদ্যোক্তাদের মৌলিক আর্থিক জ্ঞান থাকা জরুরি। বিশেষ করে ব্যবসা সম্প্রসারণের পরিকল্পনায় সম্ভাব্য ঝুঁকি বিবেচনায় নিয়ে যথাযথ আর্থিক পরিকল্পনা ও বিভিন্ন পরিস্থিতিতে ব্যবসার সম্ভাব্য ফলাফল বিশ্লেষণ করা প্রয়োজন।

বিএসইসি চেয়ারম্যান আরও বলেন, ব্যাংকঋণের বাইরে উদ্যোক্তাদের জন্য পুঁজিবাজার হতে পারে মূলধন সংগ্রহের একটি গুরুত্বপূর্ণ বিকল্প উৎস। বিএসইসি দেশের এসএমই ও মাঝারি পর্যায়ের ব্যবসাপ্রতিষ্ঠানগুলোকে পুঁজিবাজারে স্বাগত জানায়। তবে পুঁজিবাজারে আসতে আগ্রহী প্রতিষ্ঠানগুলোর একটি সুদৃঢ় ব্যবসায়িক পরিকল্পনা, আর্থিক সক্ষমতা এবং টেকসই ব্যবসায়িক সম্ভাবনা থাকা আবশ্যক। কারণ, বিনিয়োগকারীরা তাঁদের কষ্টার্জিত অর্থ বিনিয়োগ করেন এবং তাঁদের বিনিয়োগের বিপরীতে যথাযথ রিটার্ন নিশ্চিত করা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ দায়িত্ব। পুঁজিবাজারে তালিকাভুক্তির অনুমোদনের জন্য কোনো প্রতিষ্ঠান আবেদন করলে বিএসইসি তার ব্যবসায়িক পরিকল্পনা, ব্যবসার সম্ভাব্যতা এবং শেয়ারহোল্ডারদের জন্য রিটার্ন সৃষ্টির সক্ষমতা বিস্তারিতভাবে পর্যালোচনা করবে। উদ্যোক্তাদের স্বচ্ছ উদ্দেশ্য, শক্তিশালী ব্যবসায়িক পরিকল্পনা এবং বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণের মানসিকতা নিয়ে পুঁজিবাজারে আসার আহ্বান জানান তিনি।

এছাড়াও বিএসইসির কমিশনার মোঃ নাফিজ আল তারিক, সিএফএ, এফআরএম ও নির্বাহী পরিচালক মোহাম্মদ শফিউল আজম উক্ত কর্মশালায় বক্তব্য প্রদান করেন।

কর্মশালায় রিসোর্স পারসন হিসেবে প্রশিক্ষণ পরিচালনা করছেন যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব মিশিগানের উইলিয়াম ডেভিডসন ইনস্টিটিউটের (ডব্লিউডিআই) সিনিয়র ডিরেক্টর (ইমপ্যাক্ট ইনভেস্টিং) গগনদীপ সিং বক্সী (Gagandeep Singh Bakshi)।

দুই দিনব্যাপী এ কর্মশালায় অংশগ্রহণকারী উদ্যোক্তাদের মূলধন সংগ্রহ ও বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের প্রস্তুতি বিভিন্ন ব্যবহারিক দিক সম্পর্কে ধারণা দেওয়া হচ্ছে। প্রথম দিনে বিনিয়োগ প্রস্তুতির ধারণা, নিজস্ব ব্যবসা সম্পর্কে মূল্যায়ন, আর্থিক পরিকল্পনা, বিনিয়োগকারীদের সঙ্গে যোগাযোগ এবং কার্যকর পিচ ডেক (Pitch Deck) তৈরির বিষয়গুলো আলোচনায় স্থান পেয়েছে। দ্বিতীয় দিনে ব্যবসার মূল্যায়ন (Business Valuation), ডিউ ডিলিজেন্স প্রস্তুতি, টার্ম শিট, শেয়ারহোল্ডার চুক্তি এবং সংশ্লিষ্ট কেস স্টাডি নিয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হবে।

দুই দিনব্যাপী কর্মশালাটি ১৭ নভেম্বর সমাপনী অনুষ্ঠানের মাধ্যমে শেষ হবে। সমাপনী বক্তব্য প্রদান এবং অংশগ্রহণকারীদের মধ্যে সনদ বিতরণ করবেন বিএসইসির কমিশনার মোঃ নাফিজ আল তারিক, সিএফএ, এফআরএম।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

১৬/১১/২০২৬

মোঃ আবুল কালাম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র


WILLIAM DAVIDSON INSTITUTE
Investment Readiness Workshop
for
Midcap Enterprises In Bangladesh
Inauguration by: Mr. Masud Khan, Chairman, BSEC
16-17 November 2026, Multipurpose Hall, BSEC, Dhaka.
Jointly Organized by:
Bangladesh Securities and Exchange Commission
William Davidson
University of Michigan, USA


Investment Readiness Workshop
for
Midcap Enterprises In Bangladesh